# NYC ব্যবহৃত গাড়ির চুক্তি বাতিলকরণের বিকল্প

একটি ব্যবহৃত গাড়ি কেনা আপনার সবচেয়ে বড় আর্থিক অঙ্গীকারগুলির অন্যতম হতে পারে। NYC এর আইনের অধীনে, ডিলারদের এই চুক্তি বাতিলকরণের বিকল্পটি আপনাকে অবশ্যই দিতে হবে, যা আপনাকে সপ্তাহের দুটি (2) কর্মদিবসের মধ্যে চুক্তিটি বাতিল করার অনুমতি দেয়। এই বিকল্পটি আপনাকে ডিলারশিপের থেকে দূরে চুক্তিটি পর্যালোচনা করার সময় দেয়। এই ফর্মের সামনে ও পিছনে দেওয়া নিয়ম ও শর্তাবলী পড়ুন। এই চুক্তি বাতিলকরণের বিকল্পটি অবশ্যই এমন ভাষায় হতে হবে, যে ভাষায় আপনি চুক্তিটির ব্যাপারে দরাদরি করেছিলেন।

| **ক্রেতার নাম ও ঠিকানা**<br>("ক্রেতা" বা "আপনি" শব্দগুলির উল্লেখ) | **সহ-ক্রেতার নাম ও ঠিকানা**<br>("ক্রেতা" বা "আপনি" শব্দগুলির উল্লেখ) |
|---|---|
| **ব্যবহৃত গাড়ির ডিলারের নাম ও ঠিকানা**<br>("আমরা" বা "আমাদের" শব্দগুলির উল্লেখ) | **DCA লাইসেন্স নম্বর** |
| **গাড়ির বর্ণনা**<br>("গাড়ির" উল্লেখ)<br>বছর: নির্মাতা: মডেল: গাড়ি সনাক্তকরণ নম্বর (VIN): | **বিক্রয়ের তারিখ** |

**বাতিল করার চূড়ান্ত সময়সীমা (তারিখ ও সময়)***

***আপনি চূড়ান্ত সময়সীমার মধ্যে বাতিল না করলে, আপনার বাতিল করার অধিকার বাজেয়াপ্ত হবে।**

## নিয়ম ও শর্তাবলী

**বাতিলকরণের বিকল্প:** এই ফর্মটি চুক্তি বাতিলকরণের বিকল্পটির নিয়ম ও শর্তাবলীকে বর্ণনা করে। *আপনি স্বীকার করলে*, আপনার অধিকার আছে সপ্তাহের দুটি (2) কর্মদিবসের মধ্যে ক্রয়টি বাতিল করার এবং পুরো অর্থ ফেরত পাওয়ার। *আপনি প্রত্যাখ্যান করলে*, আপনি এই অধিকার পরিত্যাগ করেন। স্বাক্ষর করার আগে উভয় দিক পড়ুন।

- বিক্রয়ের চুক্তি বাতিল করার জন্য আপনাকে অবশ্যই "বিক্রয়ের চুক্তি বাতিল করার বিজ্ঞপ্তি" স্বাক্ষর করতে হবে এবং ডিলারের কাছে ব্যক্তিগতভাবে প্রদান করতে হবে ওপরের হলুদ বক্সে তালিকাভুক্ত তারিখ ও সময়ের মধ্যে।
- আপনি যতক্ষণ না বিক্রয়ের চুক্তিটি লিখিতভাবে প্রত্যাখ্যান বা বাতিল করছেন অথবা চূড়ান্ত সময়সীমার পূর্বে পদক্ষেপ না নিয়ে বিক্রয়ের চুক্তিটি বাতিল করার অধিকার পরিত্যাগ করছেন, ততক্ষণ ডিলার গাড়িটি এবং তার স্বত্ব রেখে দেন।
- আপনি যদি এই ফর্মে ধার্য করা নিয়ম ও শর্তাবলী মান্য করে বিক্রয়ের চুক্তিটি বাতিল করেন, তাহলে ডিলারকে অবশ্যই তৎক্ষণাৎ আপনাকে বিক্রয় কর সমেত পুরো অর্থ ফেরৎ দিতে হবে।
- বিক্রয়টি বাতিল করা ও পুরো অর্থ ফেরৎ পাওয়ার জন্য আপনি সব প্রয়োজনীয় কাগজপত্র সম্পূর্ণ করতে সম্মত হচ্ছেন।
- আপনি চুক্তি বাতিলকরণের বিকল্পটি স্বীকার করলে ডিলার গাড়ীর দাম বাড়াতে বা কোনো ফী যোগ করতে পারেন না, *শুধু ব্যতিক্রম হল পুরনো গাড়ি বিনিময়ের ক্ষেত্রে (ট্রেড-ইন)*। **ট্রেড-ইন গাড়ির জন্য $100 ফেরতযোগ্য রাশি জমা রাখার প্রয়োজন হয় এবং অ-ফেরতযোগ্য $50 ফীও প্রয়োজন হতে পারে।** ট্রেড-ইন গাড়ির ক্ষেত্রে নিয়ম ও শর্তাবলীর জন্য পিছনে দেখুন।
- গাড়ি কেনার জন্য শর্ত হিসেবে ডীলার আপনাকে চুক্তি বাতিলকরণের বিকল্পটি অস্বীকার করতে বা একটি বিক্রয়ের চুক্তি বাতিল করার বিকল্পটি প্রত্যাখ্যান করতে বাধ্য করতে পারেন না।
- ডিলারকে আপনার স্বাক্ষর সম্বলিত এই সম্পূর্ণ করা চুক্তি বাতিলকরণ বিকল্পের নথিটির একটি প্রতিলিপি আপনাকে অবশ্যই দিতে হবে। আপনি যদি বিক্রয়ের চুক্তি বাতিল করেন, তাহলে ডিলার বিক্রয় চুক্তিটি বাতিল করার জন্য আপনার জমা দেওয়া নথিটির একটি প্রতিলিপি আপনাকে দিতে বাধ্য।
- এই বাতিলকরণের বিকল্পটি অন্যথায় ক্রেতা বা ডিলারের আইনি অধিকার, কর্তব্য, বাধ্যবাধকতা, বা দায়গুলিকে প্রভাবিত বা পরিবর্তিত করে না।

**বাতিলকরণের চূড়ান্ত সময়সীমা:** "বিক্রয় চুক্তিটি বাতিল করার বিজ্ঞপ্তি" স্বাক্ষর করে ব্যক্তিগতভাবে ডিলারের কাছে (ওপরের ঠিকানায়) পৌঁছে দেওয়ার চূড়ান্ত সময়সীমা ওপরের হলুদ খোপে দেখানো হয়েছে। ডিলারের দ্বারা ধার্য করা তারিখ ও সময়টি, আপনি বিক্রয় চুক্তি বা রিটেল ইনস্টলমেন্ট চুক্তির মধ্যে যেটি পরে স্বাক্ষর করবেন, সেই দিন থেকে সপ্তাহের দ্বিতীয় কর্মদিবসে (আইনসম্মত ছুটির দিন বাদে) ব্যবসার কাজকর্ম বন্ধ করার আগে হতে পারবে না।

## ট্রেড-ইন বা বিনিময় করার পুরনো গাড়ি: অতিরিক্ত নিয়ম ও শর্তাবলীর জন্য এই ফর্মের পিছনে দেখুন।

☐ **বিকল্পটি স্বীকার করতে এখানে স্বাক্ষর করুন**

নিচে স্বাক্ষর করার দ্বারা, আপনি ও ডিলার এই ফর্মের উভয় পাশে দেওয়া নিয়ম ও শর্তাবলীর সাথে সম্মত হচ্ছেন। আপনি স্বীকার করছেন যে আপনি এই ফর্ম গ্রহণ করেছেন ও পড়েছেন। **এখানে স্বাক্ষর করার দ্বারা, আপনি এই বিকল্পটি গ্রহণ করা নির্বাচন করছেন।***

_______________________
*ক্রেতার স্বাক্ষর*

_______________________
*সহ-ক্রেতার স্বাক্ষর*

*আপনি চুক্তি বাতিল করার *বিকল্পটি* স্বীকার করছেন, চুক্তিটি বাতিল করছেন না। চুক্তিটি বাতিল করার জন্য, আপনাকে নিচের বিজ্ঞপ্তিটি সম্পূর্ণ করতে হবে এবং নিয়ম ও শর্তাবলী অনুসরণ করতে হবে। পিছনে দেখুন।

☐ **বিকল্পটি অস্বীকার করতে এখানে স্বাক্ষর করুন**

নিচে স্বাক্ষর করার দ্বারা, আপনি স্বেচ্ছায় আপনার গাড়ি ক্রয় বাতিল করার অধিকার পরিত্যাগ করছেন। আপনি স্বীকার করছেন যে আপনি এই ফর্ম গ্রহণ করেছেন ও পড়েছেন। **এখানে স্বাক্ষর করার দ্বারা, আপনি এই বিকল্পটি অস্বীকার করা নির্বাচন করছেন।**

_______________________
*ক্রেতার স্বাক্ষর*

_______________________
*সহ-ক্রেতার স্বাক্ষর*

---

## বিক্রয় চুক্তি বাতিল করার বিজ্ঞপ্তি

☐ নিচে স্বাক্ষর করার দ্বারা, আপনি এই ফর্মে বর্ণনা করা ব্যবহৃত গাড়িটির ক্রয় বাতিল করার জন্য আপনার অধিকার প্রয়োগ করছেন। বিক্রয় চুক্তিটি বাতিল করার বিকল্পটি প্রয়োগ করার জন্য এই বিজ্ঞপ্তিটি ব্যক্তিগতভাবে ডিলারকে প্রদান করাই যথেষ্ট। চুক্তিটি বাতিল করার জন্য ক্রেতা ও সব সহ-ক্রেতাকে অবশ্যই নিচে স্বাক্ষর করতে হবে।

**বাতিলকরণের চূড়ান্ত সময়সীমা:** তারিখ _______________ সময় _______________

_______________________ _______________________
*ক্রেতার স্বাক্ষর* *তারিখ / সময়* *সহ-ক্রেতার স্বাক্ষর* *তারিখ / সময়*

## বিক্রয় চুক্তির বাতিলকরণ অস্বীকার করার বিজ্ঞপ্তি

☐ নিচে স্বাক্ষর করার দ্বারা, আপনি এই ফর্মে বর্ণনা করা ব্যবহৃত গাড়িটির ক্রয় বাতিল করার জন্য আপনার অধিকার প্রত্যাখ্যান করছেন।

_______________________ _______________________
*ক্রেতার স্বাক্ষর* *তারিখ / সময়* *সহ-ক্রেতার স্বাক্ষর* *তারিখ / সময়*

# অতিরিক্ত নিয়ম ও শর্তাবলী

**ট্রেড-ইন বা বিনিময় করার পুরনো গাড়ি:** আপনি যদি একটি পুরনো গাড়ি বিনিময় করতে সম্মত হয়ে থাকেন এবং চুক্তি বাতিলকরণ বিকল্পটি স্বীকার করেন, তাহলে আপনাকে একটি ফেরতযোগ্য জমা রাশি হিসেবে $100 অবশ্যই প্রদান করতে হবে। আপনি বাতিলকরণ সময়কালে অতিরিক্ত $50 অ-ফেরতযোগ্য ফী প্রদান করে ট্রেড-ইন গাড়িটি **ব্যবহার** করতে পারেন অথবা ট্রেড-ইন গাড়িটি ডিলারের কাছে **রেখে দিতে** পারেন, যতক্ষণ পর্যন্ত না আপনি বিক্রয় চুক্তিটি বাতিল করছেন অথবা বিকল্পটির মেয়াদ অতিক্রান্ত হচ্ছে। নিচে একটি বিকল্প নির্বাচন করুন।

☐ **গাড়িটি রেখে যান:** নিচে স্বাক্ষর করার দ্বারা

আমি, ______________________________________________, ট্রেড-ইন গাড়িটি ডিলারের
(নাম)
কাছে রেখে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছি যতক্ষণ পর্যন্ত না আমি চুক্তিটি বাতিল করার সিদ্ধান্ত নিচ্ছি অথবা বিকল্পটির মেয়াদ অতিক্রান্ত হচ্ছে।

**ট্রেড-ইন গাড়ির বিবরণ**

বছর: নির্মাতা: মডেল: গাড়ি সনাক্তকরণ নম্বর (VIN):

______________________________________________

আমি নিম্নলিখিত নিয়ম ও শর্তাবলীর সাথে সম্মত হচ্ছি:

- আমি যদি বিক্রয় চুক্তিটি বাতিল করি, তাহলে ডিলার $100 জমা রাশিটি রেখে দিতে পারেন এবং আমি যে দিন বাতিলকরণ বিকল্পটি প্রয়োগ করব সেই দিন তিনি ট্রেড-ইন গাড়িটি অবশ্যই আমাকে ফেরৎ দেবেন।
- আমি যদি বিক্রয়ের চুক্তি বাতিল না করি, তাহলে বিক্রয় চুক্তির অধীনে ক্রয় করা গাড়িটি আমি যখন নেব, তখন ডিলারকে অবশ্যই অবিলম্বে $100 জমা রাশি আমাকে ফেরৎ দিতে হবে।
- যতক্ষণ না আমি বাতিলকরণ বিকল্পটি প্রয়োগ করতে অস্বীকার করছি অথবা তা করার সময়সীমার মেয়াদ অতিক্রান্ত হচ্ছে, ততক্ষণ ডিলার আমার ট্রেড-ইন গাড়িটি বিক্রি করতে পারেন না। যদি ডিলার ভুলক্রমে আমার ট্রেড-ইন গাড়িটি বিক্রি করেন বা অন্যথায় স্বত্ব হস্তান্তরিত করেন, তাহলে ডিলারকে ট্রেড-ইন গাড়িটির খুচরো বাজার মূল্য অথবা বিক্রয় চুক্তিতে উল্লেখ করা মূল্যের মধ্যে যেটি বেশি সেই মূল্য আমাকে অবশ্যই পরিশোধ করতে হবে।

______________________ ______________________

*ক্রেতার স্বাক্ষর* *তারিখ / সময়* *সহ-ক্রেতার স্বাক্ষর* *তারিখ / সময়*

______________________________________________

*ডিলারের প্রতিনিধির স্বাক্ষর* *তারিখ / সময়*

☐ **গাড়িটি ব্যবহার করুন:** নিচে স্বাক্ষর করার দ্বারা,

আমি, ______________________________________________, অ-ফেরতযোগ্য $50 ফী এর বিনিময়ে
(নাম)
বাতিলকরণ সময়কালে ট্রেড-ইন গাড়িটি ব্যবহার করার সিদ্ধান্ত নিয়েছি। আমি নিম্নলিখিত নিয়ম ও শর্তাবলীর সাথে সম্মত হচ্ছি:

- বাতিলকরণ সময়কালে, আমি ট্রেড-ইন গাড়িটি 250 মাইলের বেশি চালাতে পারব না।
- আমি গাড়িটিকে যে অবস্থায় ট্রেড-ইন গাড়ি হিসেবে পেশ করেছিলাম ঠিক সেই একই অবস্থায় আমাকে গাড়িটি ফেরৎ দিতে হবে, শুধু ব্যতিক্রম হল যে কোনো যুক্তিসঙ্গত ব্যবহারজনিত ক্ষয়ক্ষতি।
- আমি যদি নিয়ম ও শর্তাবলী মান্য করি এবং বিক্রয়ের চুক্তি বাতিল না করি, তাহলে বিক্রয় চুক্তির অধীনে ক্রয় করা গাড়িটি আমি যখন নেব, তখন ডিলারকে অবশ্যই অবিলম্বে $100 জমা রাশি আমাকে ফেরৎ দিতে হবে।
- আমি যদি নিয়ম ও শর্তাবলী মান্য না করি, তাহলে ডিলার বিক্রয়ের চুক্তি বাতিল করতে পারেন অথবা $100 জমা রাশিটি রেখে দিতে পারেন।
- আমি গাড়িটিকে যে অবস্থায় ট্রেড-ইন গাড়ি হিসেবে পেশ করেছিলাম ঠিক সেই একই অবস্থায় ট্রেড-ইন গাড়িটি ফেরৎ না দেওয়া পর্যন্ত, ডিলার আমার কেনা গাড়িটি আমাকে দিতে বাধ্য নন, শুধু ব্যতিক্রম হল যে কোনো যুক্তিসঙ্গত ব্যবহারজনিত ক্ষয়ক্ষতি।

______________________ ______________________

*ক্রেতার স্বাক্ষর* *তারিখ / সময়* *সহ-ক্রেতার স্বাক্ষর* *তারিখ / সময়*

______________________________________________

*ডিলারের প্রতিনিধির স্বাক্ষর* *তারিখ / সময়*

- - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - -

## ডিলার দ্বারা ক্রেতার নির্বাচনের স্বীকৃতি

আমরা স্বীকার করছি যে আপনি একটি ব্যবহৃত গাড়ির জন্য আপনার বিক্রয় চুক্তিটি ☐ **বাতিল করা / ☐ বাতিল না করার** বিকল্প নির্বাচন করেছেন।

☐ আপনি চুক্তি বাতিলকরণ বিকল্পের নিয়ম ও শর্তাবলী মান্য করেছেন, যার অন্তর্ভুক্ত হল বাতিলকরণের চূড়ান্ত সময়সীমার পূর্বে "বিক্রয়ের চুক্তি বাতিল করার বিজ্ঞপ্তিটি" ব্যক্তিগতভাবে পৌঁছে দেওয়া।

☐ আপনি নিম্নলিখিতভাবে চুক্তি বাতিলকরণ বিকল্পের নিয়ম ও শর্তাবলী মান্য করতে ব্যর্থ হয়েছেন, যার পরিণামে আপনি বিক্রয়ের চুক্তি বাতিল করার আপনার অধিকার হারিয়েছেন:

______________________________________________

______________________________________________

______________________________________________

______________________________________________

*ডিলারের প্রতিনিধির স্বাক্ষর* *তারিখ / সময়* *DCA লাইসেন্স নম্বর*